

ক্র: নং	সেবার নাম	সেবা গ্রহনকারী	সেবা প্রদানের পদ্ধতি	সেবা প্রদানকারী কতৃপক্ষ
০১.	সংগঠন/সমিতি	সমিতির সদস্যগণ	সংগঠন তৈরীর ক্ষেত্রে কোন এলাকার অভিজ্ঞ জনগোষ্ঠীর সমন্বয়ে ক্ষুদ্র ক্ষুদ্র দল গঠন করা হয় এবং পরবর্তিতে তাদের নিয়ে সমিতি গঠন করা হয়। সমিতির সদস্যগণ নিয়মিত সঞ্চয় জমা করেন এবং ঋণ সুবিধা লাভ করেন।	পিডিবিএফ এর সকল উপজেলা কার্যালয়
০২.	ক্ষুদ্র ঋণ	সমিতির সদস্যগণ	পিডিবিএফ সমিতির সদস্যগণ সমিতির নিয়মানুসারে পর্যায়ক্রমে ৫,০০০/- হতে ৫০,০০০/- টাকা পর্যন্ত বিভিন্ন কাজে কোন জামানত বিহীন ক্ষুদ্র ঋণ গ্রহন করতে পারেন।	পিডিবিএফ এর সকল উপজেলা কার্যালয়
০৩.	ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ	ক্ষুদ্র উদ্যোক্তা ব্যবসায়ী	ক্ষুদ্র উদ্যোক্তা/ ব্যবসায়ীরা পিডিবিএফ এর সদস্য হিসেবে অন্তত্বুক্তির পর প্রতিষ্ঠানের নিয়মানুসারে ৩০,০০০/- হতে ৫০,০০০/- পর্যন্ত বিভিন্ন প্রকল্পে ঋণ গ্রহন করতে পারেন। এ ঋণের কিস্তি মাসিক ভিত্তিতে পরিশোধ করতে হয়।	পিডিবিএফ এর সকল উপজেলা কার্যালয়
০৪	সঞ্চয়	সুফলভোগী সদস্যগণ	সমিতির সদস্যগণ সমিতিতে অন্তত্বুক্তির পর থেকে নিয়মিতভাবে সাপ্তাহিক, মাসিক ও মেয়াদী সঞ্চয় জমা করে থাকেন। সদস্যগণের জমাকৃত সঞ্চয়ের উপর প্রতি বছর সুদ প্রদান করা হয়। সদস্যগণ এক সময় বড় অংকের পুঁজির মালিক হন। তাছাড়া সদস্যগণ নিয়ম অনুযায়ী আপদকালীন সময়ে তাদের জমাকৃত সঞ্চয় হতে যে কোন সময় সঞ্চয়ের টাকা উঠাতে পারেন।	পিডিবিএফ এর সকল উপজেলা কার্যালয়
০৫	প্রশিক্ষণ	সুফলভোগী সদস্যগণ	(ক) পিডিবিএফ সমিতির সভানেত্রী/ দলনেত্রীদের নেতৃত্ব বিকাশ ও সমাজিক উন্নয়ন এবং দক্ষতা উন্নয়ন বিষয়ে ০৩ (তিন) দিনের প্রশিক্ষণ প্রদান করা হয়। (খ) সমিতির সদস্যদেরকে কৃষি ভিত্তিক আয় বৃদ্ধিমূলক কর্মকাণ্ডে (আইজিএ) দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হয়, যেমন: মোরগ-মুরগী পালন, গাভী পালন, পশু মোটাতাজাকরন, ছাগল পালন, শাক-সব্জি চাষ, হাঁস পালন, মৎস্য চাষ ইত্যাদি। (গ) স্থানীয়ভাবে/সমিতি পর্যায়ে গ্রামীণ জনগোষ্ঠীর মাঝে পিডিবিএফ এর বিভিন্ন মূখী সেবা সুবিধা তাদের দোর গোড়ায় পৌঁছে দেওয়ার লক্ষ্যে প্যারাটেক তৈরী করা হয়েছে। প্রতিবছর নির্বাচিত সদস্যগণকে জেলা পর্যায়ে প্যারাটেক মৌলিক/আপগ্রেডিং প্রশিক্ষণ প্রদান করা হয়। প্যারাটেকগণ বিভিন্ন সমস্যার প্রাথমিক সমাধান দিয়ে থাকেন। এর ফলে সমিতির সদস্যগণ বিশেষভাবে উপকৃত হন। (ঘ) মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট (এসআরডিআই) এর সহায়তায় কৃষির সাথে সরাসরি সম্পৃক্ত সদস্যগণের ফসলী জমির মাটি পরীক্ষা সংক্রান্ত প্রশিক্ষণ উপজেলা পর্যায়ে প্রদান করা হয়। এর ফলে কৃষকগণ কোন মাটিতে কি ঘাটতি রয়েছে তা জেনে সঠিক মাত্রায় সার ব্যবহার করে অধিক ফসল উৎপাদনে সক্ষম হন।	পিডিবিএফ এর সকল উপজেলা কার্যালয়
০৬	উদ্বুদ্ধকরণ	সুফলভোগী সদস্যগণ	সমিতির সদস্যদের নিয়ে প্রতি সপ্তাহে ০১ দিন সমিতি পর্যায়ে সাপ্তাহিক প্রশিক্ষণ ফোরাম বা উঠান বৈঠক করা হয়। সামাজিক সচেতনতা বৃদ্ধির জন্য ৫২ সপ্তাহে ৫২টি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়, যেমন: শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি, প্রাথমিক চিকিৎসা, পরিবেশ উন্নয়ন, স্যানিটেশন, সঞ্চয় ও ঋণ কার্যক্রম, বনায়ণ, নারীর আইনগত অধিকার প্রভৃতি বিষয়ে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে উদ্বুদ্ধ করা হয়।	পিডিবিএফ এর সংশ্লিষ্ট উপজেলা কার্যালয়ের আওতাধীন সমিতিসমূহে মার্চ কর্মকর্তাগণ প্রশিক্ষণ ফোরাম পরিচালনা করে থাকেন।
০৭	পন্য বিপণন	সুফলভোগী সদস্যগণ	পিডিবিএফ এর সদস্যগণের উৎপাদিত বিভিন্ন ধরনের পন্য সামগ্রীর প্রচার, প্রসার ও বাজারজাত করনের লক্ষ্যে “পন্নী রঙ” নামে প্রদর্শন ও বিপণন কেন্দ্র খোলা হয়েছে। প্রাথমিকভাবে সদস্যদের বিভিন্ন ধরনের তৈরী পোষাক, হ্যান্ডিক্রাফ্টস, তাঁতের প্রোডাক্টস ইত্যাদি পন্য বিপণন শুরু করা হয়েছে।	পিডিবিএফ এর জেলা অফিস সমূহ এবং প্রধান কার্যালয় ঢাকা।

## পিডিবিএফ এর অন্যান্য সেবামূলক কার্যক্রম:

জেসডার ফোকাল পয়েন্ট কার্যক্রম।

সদস্যদের সন্তানদের জন্য শিক্ষা সহায়কভাতা প্রদান।

পিডিবিএফ সদস্যদের জন্য স্বাস্থ্য সেবা কমসূচী।

সুফলভোগীদের প্রতিবন্ধী সন্তানদের জন্য চিকিৎসা সহায়তা ভাতা প্রদান।

সুফলভোগীদের নবজাতক সন্তানদের জন্য বিশেষ সঞ্চয় স্কীম।